





প্রথম নজর

অক্সিজেন অভাবে গাজার হাসপাতালে ৫ রোগীর মৃত্যু



আপনজন ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দক্ষিণাঞ্চলীয় খান ইউনিস শহরে একটি হাসপাতালে অক্সিজেন ফুরিয়ে যাওয়ায় নিবিড় পরিচর্যা থাকা পাঁচ রোগীর মৃত্যু হয়েছে। শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) গাজার স্বাস্থ্য কর্মকর্তাদের বরাতে দিয়ে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আল-জাজিরা।

এবার অ্যান্টার্কটিকা নিজেদের বলে দাবি ইরানের



আপনজন ডেস্ক: এবার অ্যান্টার্কটিকা মহাদেশকে নিজেদের সম্পত্তি বলে দাবি করেছে ইরান। এক সাক্ষাৎকারে এই দাবি জানিয়েছেন দেশটির নৌবাহিনীর প্রধান রিয়ার আডমিরাল শাহরাম ইরানি।

রমজান উপলক্ষে মসজিদুল হারামে ব্যাপক প্রস্তুতি



আপনজন ডেস্ক: আসন্ন রমজান উপলক্ষে পবিত্র মসজিদুল হারামে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। পবিত্র এই মাসে বিপুলসংখ্যক বিদেশি ওমরাহযাত্রী ও মুসল্লির আগমনের আশা করা হয়।

হঠাৎ ভেঙে দেওয়া হল কুয়েতের সংসদ



আপনজন ডেস্ক: কুয়েতের আমির নিশাল আল-আহমদ আল-জাবের আল-সাবাহ দায়িত্ব গ্রহণ করা সত্ত্বেও দেশটিতে মন্ত্রিপরিষদ সদস্য এবং আইনপ্রণেতাদের মধ্যে দীর্ঘ অচলাবস্থার কারণে বৃহস্পতিবার সংসদ ভেঙে দিয়েছেন।

হামাস কোনও সন্ত্রাসী গোষ্ঠী নয়: ওসিএইচএর প্রধান



অবস্থান করেন। এরপর মদিনায় গিয়ে মসজিদে নববীতে নামাজ পড়েন এবং পবিত্র রজা শরিফ জিয়ারত করেন। এ সময় তাঁরা ইসলামের ঐতিহাসিক স্থানগুলো পরিদর্শন করেন।

চিনে তালিবান সরকারের রাষ্ট্রদূত নিযুক্ত



আপনজন ডেস্ক: তালিবান-শাসিত আফগানিস্তানের সাথে আনুষ্ঠানিকভাবে কূটনৈতিক সম্পর্কের সূচনা করেছে চীন। কিছু দিন আগে কারুলের চীনা দূতাবাসে নতুন রাষ্ট্রদূত হিসেবে কূটনৈতিক ঝাও শেংকে নিযুক্ত করেছিল প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সরকার।

ছড়িয়ে-ছিটিয়ে


কাজাখস্তানে ছয় মাস ধরে বাতাসে মিশেছে মিথেন গ্যাস



আপনজন ডেস্ক: কাজাখস্তানের প্রত্যন্ত অঞ্চলের একটি কূপ থেকে বিশাল পরিমাণে মিথেন গ্যাস লিক হয়ে বাতাসে মিশেছে। ঘটনটি বিশ্বে ছড়িয়ে পড়ার সবচেয়ে ভয়াবহ ঘটনার একটি বলে ধারণা করা হচ্ছে।

সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.৪৫ মি. ইফতার: সন্ধ্যা ৫.৩৯ মি.



নামাজের সময় সূচি

Table with 3 columns: ওয়াক্ত (Prayer time), শুরু (Start), শেষ (End). Rows for Fajr, Dhuhr, Asr, Magrib, and Tahajjud.

হিজবুল্লাহর কমান্ডারকে হত্যার দাবি ইসরায়েলের



আপনজন ডেস্ক: ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) হামলায় বিশ্বের বৃহত্তম সশস্ত্র ইসলামি গোষ্ঠী হিজবুল্লাহর একজন জ্যেষ্ঠ কমান্ডার নিহত হয়েছেন।

নেতানিয়াহুকে ফোনে সতর্ক করলেন বাইডেন



আপনজন ডেস্ক: ইসরায়েল গাজা উপত্যকার রাফাহ শহরের বেসামরিক নাগরিকদের নিরাপত্তা রাখার কোন পরিকল্পনা ছাড়াই সেখানে অভিযান শুরু করছে ইসরায়েলি সশস্ত্র বাহিনী।

ব্রিটিশ জাহাজে সরাসরি আঘাত হেনেছে ইয়েমেনের ক্ষেপণাস্ত্র



আপনজন ডেস্ক: ইয়েমেনের হুথি আনসারুল্লাহ আন্দোলন সমর্থিত সামরিক বাহিনী ব্রিটেনের একটি জাহাজে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে।

কঙ্গোতে বিদ্রোহীদের হামলায় দক্ষিণ আফ্রিকার সেনাসহ নিহত ১৪



আপনজন ডেস্ক: দক্ষিণ আফ্রিকার দেশ ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোতে (ডিআর কঙ্গো) বিদ্রোহীদের হামলায় কঙ্গো সেনাসহ ১৪ জন নিহত হয়েছেন।





